অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/23/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL AFFORDABLE BROADBAND ACT এবং 18.5 মিলিয়ন মার্কিন ডলারের CONNECTALL বিনিয়োগের শুরুর মাধ্যমে মুখ্য ডিজিটাল অ্যাক্সেস উদ্যোগ ঘোষণা করলেন

দেশের প্রথম স্টেট হিসেবে কয়েক মিলিয়ন কম আয়ের নিউ ইয়র্কবাসীর জন্য 15 মার্কিন ডলারের ব্রডব্যান্ড সার্ভিস বাস্তবায়ন করবে, ফলে তাদের পকেটে অর্থ থাকবে

ট্রেনিং এবং টেকনোলজির অ্যাক্সেসের মাধ্যমে ডিজিটাল বিভক্তি দূর করতে 15.5 মিলিয়ন মার্কিন ডলার অনুদান পাওয়া যাবে

ConnectALL প্রস্তাবনার ডেডলাইন হলো 24 মার্চ, 2025, রাত 11:59 ET

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে পুরো নিউ ইয়র্ক স্টেটে (New York State) ডিজিটাল অ্যাক্সেস বাড়ানোর জন্য দুইটি মুখ্য উদ্যোগ ঘোষণা করেছেন। প্রথম উদ্যোগ, Affordable Broadband Act (ABA, আনুষ্ঠানিকভাবে কার্যকর হয়েছে, যার ফলে নিউ ইয়র্ক স্টেট দেশের প্রথম স্টেট হিসেবে ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারদের (internet service providers, ISP) জন্য যোগ্য কম আয়ের গৃহস্থালিগুলিকে ব্রডব্যান্ড সার্ভিস হিসেবে মাসে 15 মার্কিন ডলারে 25 Mbps সার্ভিস এবং 20 মার্কিন ডলারে 200 Mbps সার্ভিস দেওয়া আবশ্যক করেছে। দ্বিতীয় হলো, এছাড়াও স্টেট তাদের 15.5 মার্কিন ডলারের Digital Equity প্রোগ্রামের ক্যাপাসিটি গ্র্যান্ট (Capacity Grant) শুরু করছে যা সুবিধাবঞ্চিত কমিউনিটিতে ডিজিটাল লিটারেই ট্রেনিং, ডিভাইস অ্যাক্সেস এবং সমর্থন সেবার জন্য দুই বছরের অনুদান দিবে। পাশাপাশি, এই আইনের এবং সেই সাথে এর 15.5 মার্কিন ডলারের আবেদনের অনুরোধের (Request for Applications, RFA) প্রভাব সর্বোচ্চ করতে যোগ্য গৃহস্থালিতে ABA-এর লাভের প্রচার করার জন্য ConnectALL 3 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, কম খরচের অ্যাক্সেসিবিলিটি অপশনের জন্য সাইনআপ করতে তাদের সমর্থন করবে এবং শিক্ষা প্রোগ্রাম ও সাশ্রয়ী ডিভাইসের সাথে তাদের যুক্ত করে দিতে সাহায্য করবে, এবং সকল ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার যাতে এই আইন মেনে চলে তা নিশ্চিত করতে পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission, PSC) কাজ করবে।

"ডিজিটাল কানেক্টিভিটি কোনো বিলাসিতা নয়, এটি একটি মৌলিক অধিকার যা অর্থনৈতিক সচলতা এবং সুযোগের দরজা খুলে দেয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "Affordable Broadband Act এবং আমাদের ConnectALL উদ্যোগে এই 15.5 মিলিয়ন মার্কিন ডলার

বিনিয়োগ দিয়ে আমরা ডিজিটাল বিভক্তি দূর করতে সাহসী পদক্ষেপ নিচ্ছি, সকল নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী, অ্যাক্সেসিবল এবং সমতার ইন্টারনেট তৈরি করছি। এই চেষ্টাগুলি নিশ্চিত করবে যাতে পুরো নিউ ইয়র্কের পরিবার ও ব্যবসাগুলির কাছে আজকের ডিজিটাল বিশ্বে সমৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা থাকে, এবং একই সাথে স্থানীয় কমিউনিটিগুলিকে দীর্ঘমেয়াদি ডিজিটাল সমতার নতুন ধরণের সমাধান তৈরির ক্ষমতা দেওয়া হবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "ডিজিটাল অ্যাক্সেস এবং লিটারেসি হলো আজকের অর্থনীতিতে অর্থনৈতিক সচলতার পথ। সাশ্রয়ী ব্রডব্যান্ড অ্যাক্সেস এবং ডিজিটাল অন্তর্ভুক্তির রিসোর্সের এই মিলিত পন্থাটি স্থানীয় অর্গানাইজেশনগুলিকে এমন নতুন ধরণের সমাধান তৈরি করতে দিবে যা বাঁধা দূর করে। ConnectALL-এর মাধ্যমে আমরা এমন একটি ডিজিটাল ইকোসিস্টেম তৈরি করছে যেখানে সকল কমিউনিটি আমাদের স্টেটের অর্থনৈতিক বিকাশ ও সমৃদ্ধিতে সম্পূর্ণ অংশগ্রহণ করতে পারবে।"

নিউ ইয়র্ক স্টেটের পাবলিক সার্ভিস কমিশনের চেয়ার Rory M. Christian (রোরি এম ক্রিস্টিয়ান) বলেন, "ব্রডব্যান্ড হলো নিউ ইয়র্কের কমিউনিটিগুলির জন্য কলের পানি এবং ইলেক্ট্রিসিটির মতোই অতি প্রয়োজনীয় রিসোর্স। অর্থনৈতিক সমতা তৈরির জন্য, শিক্ষার সুযোগ সমর্থন করার জন্য এবং জনস্বাস্থ্যের প্রচারের জন্য এই আইনটি অতি গুরুত্বপূর্ণ, বিশেষ করে যেহেতু আরো বেশি অতি প্রয়োজনীয় সার্ভিস, যেমন রিমোট শিক্ষা এবং হেলথকেয়ার, সময়ের সাথে আরো বেশি অনলাইনে চলে যাচ্ছে।"

স্টেটের সিনেটর Kristen Gonzalez (কির্স্টেন গঞ্জালেস) বলেন, "Internet and Technology Committee-র চেয়ার হিসেবে আমাদের পুরো স্টেটে সাশ্রয়ী ব্রডব্যান্ডের জন্য এই বিনিয়োগ দেখে আমি গর্বিত। এটি আমাদেরকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য ইন্টারনেট অ্যাক্সেসের অধিকার নিশ্চিত করার আরেক ধাপ কাছে নিয়ে গেলো। এই অতি গুরুত্বপূর্ণ বিষয়ে গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের জন্য আমি তার প্রশংসা করছি, এবং আমাদের স্টেটে ব্রডব্যান্ড স্পিড বাড়াতে এবং টেক অ্যাক্সেস আরো বাড়িয়ে দেওয়ার চলমান চেষ্টাকে সমর্থন করছি।"

অ্যাসেম্বলির সদস্য Steve Otis (স্টিভ ওটিস) বলেন, "ডিজিটাল ট্রেনিং, ডিভাইস অ্যাক্সেস দেয় এবং আজকের ডিজিটাল বিশ্ব থেকে বাদ পড়া ব্যক্তিদের জন্য সার্ভিসের সমর্থন করে এমন স্থানীয় প্রোগ্রামগুলিকে সমর্থন করার জন্য এই Digital Equity Grant শুরু করার জন্য গভর্নর Hochul (হোকল) এবং ESD-এর ConnectALL অফিসকে অভিনন্দন। এই অনুদানগুলি এইসব প্রোগ্রামের স্থানীয় সেবাদানকারীদেরকে নিজেদের কাজ বড় করতে এবং আরো বেশি মানুষকে ডিজিটাল বিভক্তির অন্যপাশে নিয়ে যেতে দেয়। এই প্রোগ্রামগুলি অনেক বছর ধরে স্টেটের আইনসভার (Legislature) জন্য এবং ডিজিটাল অন্তর্ভুক্তির প্র্যাকটিশনিয়ারদের জন্য একটি অগ্রাধিকার হয়ে আছে। ConnectAll-এর বহুল আলোচিত ডিজিটাল ইক্যুইটি প্ল্যান (Digital Equity Plan) বাস্তবায়ন করার জন্য এই অনুদানগুলি পরবর্তী ধাপ।"

দেশের প্রথম Affordable Broadband Act পুরো স্টেটে 15 মার্কিন ডলারের ব্রডব্যান্ড অ্যাক্সেস নিশ্চিত করে

2021 সালে পাশ হওয়া Affordable Broadband Act সম্প্রতি তাদের চূড়ান্ত আইনি বাঁধা পার করেছে যখন 2024 সালের ডিসেম্বর মাসে ইউনাইটেড স্টেটসের (United States) সুপ্রিম কোর্ট (Supreme Cour) আইনটির আরো রিভিউ করাতে অস্বীকার করে, যার ফলে বাস্তবায়ন অগ্রসর হতে পারে। 20,000-এর বেশি কাস্টোমারকে সেবা দেওয়া ইন্টারনেট প্রোভাইডারদের জন্য যোগ্য গৃহস্থালিকে কম খরচের প্ল্যান দেওয়া ABA আবশ্যক করে। 20,000 কাস্টোমারের কম থাকা ছোট ISPগুলির জন্য পাবলিক সার্ভিস কমিশন অস্থায়ী মওকুফ পুনরায় স্থাপিত করেছে এবং অর্থনৈতিক চাপের উপর ভিত্তি করে মওকুফের জন্য নতুন অনুরোধ তারা রিভিউ করবে।

ABA-এর অধীনে যোগ্য নিউ ইয়র্ক গৃহস্থালিগুলি দুইটি দামে উচ্চ গতির ইন্টারনেট অ্যাক্সেস পেতে পারবে:

- কমপক্ষে সেকেন্ডে 25 মেগাবিট গতির জন্য মাসে 15 মার্কিন ডলার
- কমপক্ষে সেকেন্ডে 200 মেগাবিট গতির উচ্চগতির সেবার জন্য মাসে 20 মার্কিন ডলার

এই ডিসকাউন্ট হার গুলি স্থায়ী, তবে প্রোভাইডাররা প্রয়াত পাঁচ বছরে দাম ঠিক করতে পারবে। যেকোনোভাবে দাম বেড়ে গেলে তা কাস্টোমার এবং রেগুলেটরদের জন্য 30 দিন আগে ঘোষণা করতে হবে, এবং তা সবথেকে সম্প্রতি ভোক্তা মূল্য ইনডেক্সে পরিবর্তন বা বছরে সর্বোচ্চ দুই শতাংশের মধ্যে যেটি কম তার মধ্যে সীমিত থাকবে।

নিউ ইয়র্কবাসীরা এই কম আয়ের ব্রডব্যান্ড প্ল্যানগুলির জন্য যোগ্য হবে যদি তারা নিচের প্রোগ্রামগুলির কোনোটিতে অংশগ্রহণ করে:

- National School Lunch প্রোগ্রামের মাধ্যমে ফ্রি বা কম দামে লাঞ্চ
- Supplemental Nutrition Assistance প্রোগ্রাম
- Medicaid
- সিনিয়র সিটিজেনের ভাড়া বাড়ানোর মওকুফ
- ডিজেবিলিটির জন্য ভাড়া বাড়ানোর মওকুফ
- একটি ইউটিলিটি থেকে অ্যাফোর্ডেবিলিটি বেনিফিট

জনসচেতনতা এবং এটি গ্রহণের জন্য এনরোলমেন্ট সমর্থনের ক্ষেত্রে ConnectALL-এর প্রতিশ্রুতি বাস্তবায়ন প্রক্রিয়ার প্রথম ধাপ হিসেবে পাবলিক সার্ভিস কমিশন ABA আইন বাস্তবায়ন করার একটি প্রক্রিয়া পুনরায় শুরু করেছে, যা কোর্টের আদেশে বন্ধ ছিলো, এবং তাদের স্টাফ 20,000 কাস্টোমারের কম থাকা এবং অর্থনৈতিক সংগ্রাম দেখাতে পারবে এমন ছোট ISPগুলির জন্য মওকুফের অনুরোধ রিভিউ করবে। আজকে, 2021 সালের মে মাসে এমন রিলিফের জন্য আবেদন করা ছোট ISPগুলির জন্য এর আগে দেওয়া অস্থায়ী মওকুফকে PSC পুনরায় বহাল করেছে। মোকদ্দমার সমাধান অনুযায়ী, 20,000-এর বেশি কাস্টোমারসহ প্রোভাইডারদের ABA-এর নির্দেশগুলি মেনে চলতে হবে।

ConnectALL Digital Equity প্রোগ্রামের ক্যাপাসিটি গ্র্যান্ট: এখন আবেদন করা যাচ্ছে
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ConnectALL অফিস 15.5 মিলিয়ন মার্কিন ডলারের Digital Equity প্রোগ্রামের ক্যাপাসিটি গ্র্যান্টের জন্য আবেদন গ্রহণ করছে। উচ্চমানের ডিজিটাল

লিটারেসি ট্রেনিং, ডিভাইস অ্যাক্সেস প্রোগ্রাম, ডিজিটাল প্রাইভেসি দক্ষতার বিকাশ এবং অন্তর্ভুক্তির সমর্থন সার্ভিসের মাধ্যমে ডিজিটাল বিভক্তি দূর করতে কাজ করা অর্গানাইজেশন এবং পার্টনারশিপগুলির জন্য এই প্রতিযোগিতামূলক উদ্যোগটি দুই বছরের অনুদান দিবে।

ন্যাশনাল টেলিকমিউনিকেশন্স অ্যান্ড ইনফরমেশন অ্যাডমিনিস্ট্রেশনের (National Telecommunications and Information Administration, NTIA) স্টেট Digital Equity Capacity Grant প্রোগ্রামের মাধ্যমে RFA-এর তহবিল পাওয়া গেছে এবং এটি নিউ ইয়র্ক স্টেটের ডিজিটাল ইক্যুইটি প্ল্যানের সাথে মানানসই। 2024 সালের অক্টোবর মাসে নিউ ইয়র্ক স্টেটের Digital Equity Capacity Grant আবেদনের জন্য NTIA-এর অনুমোদনের পর এই তহবিল পাওয়া গেছে, যা প্রায় 36.9 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল নিশ্চিত করেছে। ConnectALL-এর উদ্দেশ্য হলো 2035 সালের মধ্যে নিউ ইয়র্ক স্টেটের ডিজিটাল সমতার ইকোসিস্টেমের ক্যাপাসিটি দ্বিগুণ করা। Digital Equity প্রোগ্রামের ক্যাপাসিটি গ্র্যান্টের জন্য আবেদন করুন ব্রডব্যান্ডের ওয়েবসাইটে।

24 মার্চ, 2025, রাত 11:59 ইস্টার্ন টাইমের (Easter Time, ET) মধ্যে প্রস্তাবনা জমা দিতেই হবে। অর্গানাইজেশনগুলিকে তাদের আবেদনের জন্য প্রস্তুত হতে সাহায্য করার জন্য 30 জানুয়ারি, 2024 [sic] ConnectALL একটি তথ্যমূলক ওয়েবিনার আয়োজন করবে। RFA-এর সম্পূর্ণ এবং ওয়েবিনার রেজিস্ট্রেশনের তথ্য পাওয়া যাবে broadband.ny.gov-এ।

গভর্নর Hochul (হোকলের) ConnectALL উদ্যোগ

আরো সমতার একটি নিউ ইয়র্ক তৈরির জন্য গভর্নর Hochul (হোকল) ব্রডব্যান্ড অ্যাক্সেস বাড়ানোকে তার অ্যাডমিনিস্ট্রেশনের চেষ্টাগুলির একটি কেন্দ্রীয় ভিত্তি করেছেন। স্টেটের ডিজিটাল ইনফ্রাস্ট্রাকচার বদলে দিতে, সেবাদানকারীদের মধ্যে প্রতিযোগিতা বাড়াতে, এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীর কাছে নির্ভরযোগ্য, সাশ্রয়ী উচ্চগতির ইন্টারনেট অ্যাক্সেস আছে তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেট ConnectALL উদ্যোগের মাধ্যমে 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে। আজ পর্যন্ত, ConnectALL ব্রডব্যান্ড অ্যাক্সেসের অগ্রগতির জন্য বেশ কয়েকটি কর্মসূচির সফল প্রবর্তন ও বাস্তবায়ন করেছে, যার মধ্যে রয়েছে:

- ডিজিটাল বিভক্তি বন্ধ করার জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিজিটাল ইক্যুইটি প্ল্যান (Digital Equity Plan) বাস্তবায়ন করার জন্য Digital Equity প্রোগ্রাম 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, যার মধ্যে আছে কমপক্ষে 37 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল বরাদ্দ। প্ল্যানটি ডিজিটাল লিটারেসি এবং ডিজিটাল চাকরির প্রস্তুতির দক্ষতা উন্নত করতে, সাশ্রয়ী মূল্যের ইন্টারনেট এবং ডিভাইসের অ্যাক্সেস আরো সহজ করতে, ডিজিটাল প্রাইভেসি এবং সুরক্ষা বাড়াতে, এবং ইন্টারনেটের মাধ্যমে সরকারী সেবা আরো অ্যাক্সেসিবল করতে নিউ ইয়র্কের স্টেট ব্যাপী কৌশলের আউটলাইন দেয়।
- সাশ্রয়ী এবং পাবলিক হাউজিংয়ের গৃহস্থালিদের সেবা দেওয়ার জন্য নতুন ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচার আনতে Affordable Housing Connectivit প্রোগ্রাম 100 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে। প্রোগ্রামটি এখন পর্যন্ত 13 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দিয়েছে এবং ব্রঙ্কস (Bronx), ইরি (Erie), মনরো (Monroe) এবং নিউ ইয়র্কের কাউন্টিগুলির 14,000-এর বেশি বাসায় মাসে 10 মার্কিন ডলার করে ব্রডব্যান্ড সার্ভিস নিশ্চিত করেছে। প্রোগ্রামটি বর্তমানে ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারদের থেকে আবেদন

গ্রহণ করছে এবং হাউজিংয়ের মালিক ও পাবলিক হাউজিং অথোরিটিগুলির কাছ থেকে অংশগ্রহণ করার অনুরোধ গ্রহণ করছে।

- ConnectALL Deployment প্রোগ্রামটি সুবিধাহীন এবং সুবিধাবঞ্চিত জায়গাগুলোতে পৌঁছানোর জন্য ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারদের তহবিল দেবে। ConnectALL 2024 সালে ডিসেম্বরে প্রোগ্রামটির প্রায় 664 মিলিয়ন মার্কিন ডলারের জন্য আবেদনের অনুরোধ প্রকাশ থেকে ফেডারেল তহবিল পাবে, যেমনটি ConnectALL-এর ব্রডব্যান্ড ডিপ্লয়মেন্ট ইনিশিয়াল প্রস্তাবনায় (Broadband Deployment Initial Proposal) বর্ণনা করা আছে।
- পুরো স্টেটে সরকারি-মালিকানাধীন ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচার নির্মাণ এবং সাশ্রয়ী মূল্যের ব্রডব্যান্ড সার্ভিস দিতে Municipal Infrastructure প্রোগ্রাম 214 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দিয়েছে। প্রাথমিকভাবে American Rescue Plan-এর ক্যাপিটাল প্রোজেক্টস ফান্ডের অধীনে মার্কিন ট্রেজারি ডিপার্টমেন্টের অর্থায়ন করা এই প্রোগ্রামটি অনেক ধরনের মডেলের মিউনিসিপ্যাল ব্রডব্যান্ড, সরকারি-বেসরকারি পার্টনারশিপ এবং ওপেন অ্যাক্সেস নেটওয়ার্কের ব্যবস্থা করে যাতে নিউ ইয়র্কবাসীদের সাশ্রয়ী, উচ্চমানের পরিষেবার সুযোগ দেওয়া যায়। Beta ConnectALL প্রোজেক্টস ড্যাশবোর্ডটি (Projects Dashboard) Municipal Infrastructure প্রোগ্রামের তহবিল পাওয়া প্রোজেক্টগুলি সম্পর্কে বিস্তারিত তথ্য দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন